ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।
*ফোনঃ ০৩৭১-৬২১৪৯(অ), ফ্যাক্সঃ ০৩৭১-৬২৬১০*

অদ্য ২২/১২/২০১১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর নির্বাহী পরিষদের ৩য় সভা ইনস্টিটিউট কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউট নির্বাহী পরিষদের মাননীয় সভাপতি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা। সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচি অনুসারে সভার কাজ শুরুর করার জন্য এবং বিগত সভার কার্য বিবরণী পাঠের জন্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর উপ পরিচালক জনাব সুসময় চাকমা কে অনুরোধ করেন। (সভার উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক)
অতঃপর ইনস্টিটিউটের উপ পরিচালক পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান এবং উপস্থিত অপর সম্মানিত সদস্যগণকে ইনস্টিটিউটের পক্ষ হতে হতে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্ব্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বর্তমান ২০১১-২০১২ অর্থবছরের বরাদ্ধ | ইনস্টিটিউটের বর্তমান ২০১১-২০১২ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য ব্যয় বাবদ ৪৫.০০ বরাদ্ধ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্ধ নিয়ে আলোচনার পর সুষ্ঠভাবে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য ব্যয় অনুমোদন করা হল।<br><br>সিদ্ধান্তঃ<br>মন্ত্রনালয় হতে প্রাপ্তি বাজেট অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হল। | বরাদ্ধ অনুসারে উপ পরিচালক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউ কে কার্যক্রম সুষ্ঠভাবে বাস্ত বায়ন করার জন্য অনুরোধ করা হল। |
| ২ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর ২০১১-২০১২ অর্থবছরের অনুন্নয়ন খাতের বাজেট | উপ পরিচালক সভাকে জানান ইতোমধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা শাখায় ২০১১-২০১২ অর্থবছরে জানুয়ারী/১২ হতে জুন/১২ পর্যন্ত বাস্তবায়ণযোগ্য মোট ১০.০০ লক্ষ টকার বাজেট পেশ করেছেন বলে সভাকে জানান। পরিষদের সম্মানিত সদস্যগণ বাজেট প্রাপ্তির পর নির্দ্দিষ্ট সময়ে কর্মসূচি বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা গ্রহণ করে তা বাস্তবায়ন করার জন্য উপ পরিচারকেক অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>মন্ত্রণালয় হতে বাজেট প্রাপ্তির পর প্রনীত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল। | ঐ |
| ৩ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর কর্মকর্তা-কর্মচারীদের প্রবিধানমালা -২০১০ | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট খাগড়াছড়ি-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য পুনরায় প্রবিধানমালা-২০১০ প্রস্তুত করা হয়েছে এবং তা পরে শুনানো হয় এবং এ বিষয়ে সভায় একমত হন যে, ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা চূড়ান্ত অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ অব্যাহত রাখার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>প্রণীত প্রবিধান মালা সদয় অনুমোদন করার জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণ সকলে একমত পোষন করেন এবং অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপ পরিচালক প্রযোজনীয় ব্যবস্তা গ্রহণ করবেন। | উপ পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি। |
| ৪ | বিবিধ | | |

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

| | | | |
|---|---|---|---|
| ১ | নিজস্ব মনোগ্রাম | সাংস্কৃতিক প্রতিষ্ঠান-২০১০ আইন অনুসারে সায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে অত্র ইনস্টিটিউটের জন্য একটি নিজস্ব মনোগ্রাম আবশ্যক। উক্ত খাতে কোন বরাদ্ধ না থাকায় মনোগ্রাম সংগ্রহ করার বিষয়ে কোন অগ্রগতি হয় নাই বলিয়া উপ পরিচালক সভাকে জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর মন্ত্রণালরেয়র অনুমোদন সাপেক্ষে অন্য কোন খাত হতে ব্যয় নির্বাহ করে সহসা মনোগ্রাম সংগ্রহ করার জন্য উপ রিচালককে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>স্থানীয় চিত্র শিল্পীদের নিকট হতে সংগ্রহ করে মনোগ্রাম তৈরী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল। | ঐ |
| ২ | ওয়েব সাইট | ওয়েব সাইট তৈরীর কাজ চলছে এবং তা পরবর্তী সভায় পেশ করা হবে মর্মে উপ পরিচালক সভাকে জানান । এই খাতেও অনুরুপভাবে কোন বরাদ্ধ না থাকায় তা বাস্তবায়ণ করার জন্য মন্ত্রণালয়ের অনুমোদন সংগ্রহের জন্য উপ পরিচালককে অনুরোধ করা হল।<br>সিদ্ধান্তঃ<br>ওয়েব সাইট তৈরীর ব্যয় নির্বাহ করার জন্যা উপ পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | ঐ |
| ৩ | কম্পিউটার ক্রয় | ইনস্টিটিউটের সার্বিক নিরাপত্তার রক্ষার জন্য সিসিটিভি ক্যামেরা বিগত অর্থবছরের কর্মসূচির আওতায় সংগ্রহ করা হয়েছে মর্মে উপ পরিচালক সভাকে অবিহিত করেন। কিন্তু উক্ত সিসিটিভি ক্যামেরার জন্য একটি সিপিইউ ও একটি মনিটর আবশ্যক। বর্তমান অর্থবছরে কম্পিউটার ও যন্ত্রাংশ খাত হতে একটি কম্পিউটার ক্রয় করার প্রস্থাব সভায় পেশ করেন। বিস্তারিত আলোচনার পর ২২ ইঞ্চি মনিটর সম্বলিত একটি কম্পিউটার ক্রয় করার জন্য (প্রয়োজনীয় যন্ত্রাংশসহ) প্রস্থাব অনুমোদন প্রদান করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>উপ পরিচালককে বিধি মোতাবেক কম্পিউটার ক্রয় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | ঐ |
| ৪ | অডিও এ্যালবাম | বিগত অর্থবছরে ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত খাগড়াছড়ি প্রতিভা আন্বেষণের সেরা ১০ সংগীত শিল্পীদের নিয়ে একটি মিশ্র গানের অডিও এ্যালবাম প্রকাশ করার বিষয়টি উপ পরিচালক সভায় পেশ করেন। উপস্থিত সম্মানিত সদস্য এ্যাঃ রতন দে জানান যে, ইহা অতীব উত্তম প্রস্তাব । উদীয়মান শিল্পীদের অনুপ্রেরণা যোগানোর জন্য ইহা একটি উত্তম ব্যবস্তাপনা। সকলে অডিও এ্যালবাম প্রকাশ করে শিল্পীদে উৎসাহ প্রদানের বিষয়টি সমর্থন করেন। উপ পরিচালক জানান এ খাতে বর্তমান অর্থবছরে ১.৫০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত অর্থে একটি অডিও এ্যালবাম প্রকাশ করার জন্য সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>উপ পরিচালক সেরা ১০ শিল্পীদের নিয়ে অডিও এ্যালবাম তৈরীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ঐ |
| | গবেষণা কার্যক্রম | উপ পরিচালক সভাকে জানান, অত্র ইনস্টিটিউটের গবেষণা কর্মকর্তা গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য "চেঙ্গী নদীর অববাহিকায় বসতস্থিপনকারীদের জীবনাচরণ " নামে একটি প্রকল্প পেশ করেছেন। একপর্যায়ে সম্মানিত সদস্য জনাব বীর কিশোর চাকমা ঐ প্রকল্পটির পরিবর্তে সমগ্র খাগড়াছড়ি জেলার উপর ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি বিষয় নিয়ে একটি তথ্যসম্বলিত গ্রন্থ প্রকাশ করার যায় কিনা সভায় মতামত প্রদান করেন। সম্মানিত সদস্য জনাব মথুরা বিকাশ ত্রিপুরা জানান ইনস্টিটিউট হতে এই ধরনের ইতিহাস , ঐতিহ্য সম্বলিত গ্রন্থ প্রকাশ হওয়া উচিত। এই বিষয়ে বিস্তারিত আলোনার পর ইতিহাস, | ঐ |

২৯/০৪/২০১২

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

ঐতিহ্য ও সংস্কৃতি বিষয় নিয়ে একটি তথ্যসম্বলিত গ্রন্থ প্রকাশ করার জন্য একটি উপ কমিটি গঠনের জন্য জনাব মধুমঙ্গল চাকমা প্রস্তাব করেন। আলোচনার পর নিম্নরুপ একটি উপ কমিটি গঠন করা হল।

আহব্বায়ক- জনাব মধুমঙ্গল চাকমা, সম্মানিত সদস্য,
সদস্য- জনাব বীর কিশোর চাকমা , সম্মানিত সদস্য
জনাব মথুরা বিকাশ ত্রিপুরা, সম্মানিত সদস্য
খাগড়াছড়ি সরকারী কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধি
সদস্য সচিব- জনাব জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা, অত্র ইনস্টিটিউট।

উক্ত কমিটি প্রয়োজনে অতিরিক্ত সদস্য কো-অপট করতে পারবেন।

**সিদ্ধান্তঃ**
উক্ত উপ কমিটি কর্তৃক খাগড়াছড়ি জেলার ইতিহাস, ঐতিহ্য, শিক্ষা, সংস্কৃতিসহ প্রভৃতি বিষয় নিয়ে একটি পান্ডুলিপি প্রনয়ণ করবেন। এ বিষয়ে প্রয়োজনী অর্থ বরাদ্ধ প্রদান করার জন্য উপ পরিচালক প্রযোজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

**বই বিক্রি করার জন্য কমিশণ**

উপ পরিচালক সভাকে জানান বিগত অর্থবছরে ইনস্টিটিউটট কর্তৃক "খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির বিকাশ, সংরক্ষন ও ডকুমেন্টেশন" শীর্ষক কর্মসূচির আওতায় নিম্নলিখিত বইগুলো প্রকাশ করা হয় । — ঐ

| ক্রঃ নংঃ | বইয়ের নাম | লেখক | সংখ্যা |
|---|---|---|---|
| ১. | চাকমা সাহিত্য সমাজ ও সংস্কৃতি | ড. জাফার আহমেদ হানাফী | ১০০০ কপি |
| ২. | সান্দবীর বারমাসী | ড. আফসার আহমদ | ১০০০ কপি |
| ৩. | ককবরোক (ত্রিপুরা শব্দকোষ) | মথুরা বিকাশ ত্রিপুরা | ১০০০ কপি |
| ৪. | মারমা শব্দকোষ | অংক্যজাই মারমা | ১০০০ কপি |
| ৫. | চাকমা শব্দ ভান্ডাল | আর্য মিত্র চাকমা | ১০০০ কপি |
| ৬. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সামাজিক প্রথা ও রীতি নীতি | সুগত চাকমা | ১০০০ কপি |
| ৭. | The Hill Tracts of Chittagong and the Dwellers therein | Capt. T.H. Lewin | ১০০০ কপি |
| ৮. | ত্রিপুরা আয়ুর্বেদিক শাস্ত্র | প্রভাংশু ত্রিপুরা | ১০০০ কপি |

ইনস্টিটিউট হতে এ ধরনের পুস্তক প্রকাশ সত্যিই প্রশংসনীয় উদ্যোগ। আগামীতেও অনুরুপভাবে কর্মকান্ড অব্যাহত রাখার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হয়। উপ পরিচালক প্রকাশিত বই গুলো ২০% হারে কমিশন দিয়ে বিক্রি শুরু করার জন্য সভায় প্রস্থাব পেশ করেন। সম্মানিত সদস্য জনাব অংসুই মারমা জানান ইনস্টিটিউট একটি সরকারী প্রতিষ্ঠান তথা অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে নূণ্যতম ২০% হারে সকল প্রকাশিত বই বিক্রি করা যায় মর্মে মত প্রদান করেন। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা পর প্রতিটি বই ২০% হারে কমিশন দিয়ে বিক্রি করার

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

| | | | |
|---|---|---|---|
| | | জন্য সকলে মত প্রদান করেন।<br>সিদ্ধান্ত ঃ<br>ইনস্টিটিউট হতে প্রকাশিত বা ভবিষ্যতে প্রকাশিতব্য গ্রন্থ/বইগুলো ২০% হারে বিক্রি করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হল। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধৈর্যের সহিত সময় দিয়ে ইনস্টিটিউটের সার্বিক কর্মকান্ড গতিশীল করার লক্ষে নানাবিধ পরামর্শ দিয়ে সহযোগিতা প্রদানের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কুজেন্দ্র লাল ত্রিপুরা)
সভাপতি
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নির্বাহী পরিষদ
ও
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি নির্বাহী পরিষদের ৩য় সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের উপস্থিতি ও স্বাক্ষর

তারিখঃ ২২/১২/১১

স্থানঃ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কার্যালয়।

| ক্রঃ নংঃ | উপস্থিত সম্মানিত সদস্যগনের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল ফোন নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। | A |
| ২. | | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | A |
| ৩. | জনাব বীর কিশোর চাকমা সম্মানিত সদস্য | পার্বত্য জেলা পরিষদ | [signature] ২২/১২/১১ |
| ৪. | জনাবা শ্রীলা তালুকদার প্রধান শিক্ষক | খাগড়াছড়ি সরকারী উচ্চ বিদ্যালয়। | A |
| ৫. | জনাব মধু মঙ্গল চাকমা সভাপতি | চাঙমা একাডেমী, খাগড়াছড়ি। | [signature] ২২/১২/১১ |
| ৬. | জনাব এ্যাডঃ রতন কুমার দে বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [signature] ২২/১২/১১ইং |
| ৭. | জনাব মথুরা বিকাশ ত্রিপুরা নির্বাহী পরিচালক | জাবারাং কল্যাণ সমিতি খাগড়াছড়ি | [signature] ২২/১২/১১ |
| ৮. | জনাব অংসুই মারমা বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [signature] ২২/১২/১১ |
| ৯. | জনাব সুসময় চাকমা উপ পরিচালক | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | [signature] |

পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ঃ

| ক্রঃ নংঃ | উপস্থিত সম্মানিত সদস্যগনের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল ফোন নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |